

চলতি গ্রীষ্মকালীন মরশুমে ভ্রমণে সুযোগ-সুবিধা বাড়াতে ভারতীয় রেলের একাধিক পদক্ষেপ

নয়াদিল্লি, ১৯ এপ্রিল, ২০১৭

যাত্রী স্বাচ্ছন্দ্য ব্যবস্থার উন্নতিতে ভারতীয় রেল ভ্রমণের অভিজ্ঞতাকে আরও মনোরম করে তোলার লক্ষ্যে একাধিক পদক্ষেপ নিয়েছে। গ্রীষ্মের সময় অতিরিক্ত যাত্রী ভীড় সামলানোর বিষয়টি বিবেচনায় রেখে যাত্রীদের ভ্রমণ পরিকল্পনায় যাতে ব্যাঘাত না ঘটে, তার জন্য রেল সুবিধা মতো ভ্রমণের সুযোগ দিতে চলেছে। ট্রেনে আসন সংখ্যার পূর্ণ সদ্ব্যবহারের লক্ষ্যে রেল নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করেছে -

- ট্রেনের যাত্রা শুরুর চার ঘন্টা আগে প্রথম সংরক্ষিত আসন তালিকা প্রকাশ।
- প্রথম সংরক্ষিত আসন তালিকা প্রস্তুত করার পর, তৎক্ষণাৎ টিকিট বুকিং সুবিধার মাধ্যমে সংরক্ষিত টিকিট বুকিং কেন্দ্র বা ইন্টারনেটের সাহায্যে টিকিট বুক করার ব্যবস্থা। এই ব্যবস্থার সুবিধা দ্বিতীয় সংরক্ষিত তালিকা প্রস্তুত করার আগে পর্যন্ত দেওয়া।
- দ্বিতীয় সংরক্ষিত তালিকা প্রস্তুত করার পর ট্রেনের খালি আসনগুলি পরবর্তী গন্তব্যের জন্য নির্ধারিত করা। আইআরসিটিসি'র ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে নিম্নলিখিত সুবিধাগুলি দেওয়া হয় :-
- বিকল্প প্রকল্পের আওতায় অপেক্ষমান তালিকায় থাকা যাত্রীদের অন্য ট্রেনে ৫ একই ভাড়ায় পৌঁছে দেওয়ার সুবিধা। গত ১ এপ্রিলের আগে বুক করা টিকিটেও এই সুবিধা পাওয়া যাবে।
- আসন সংরক্ষণ কেন্দ্রগুলি থেকে কাটা টিকিট এখন থেকে আইআরসিটিসি'র ওয়েবসাইট বা ১৩৯-র মাধ্যমে বাতিল করা যাবে।
- ট্রেন ছাড়ার ২৪ ঘন্টা আগে ই-টিকিটের উল্লেখ করা যাত্রা শুরুর স্টেশন আইআরসিটিসি'র মাধ্যমে পরিবর্তন করা যাবে।
- যাত্রীদের নিখরচায় অনলাইনের মাধ্যমে হুইল চেয়ার বুক করার সুবিধা দেওয়া হয়।
- আইআরসিটিসি'র ওয়েবসাইটের মাধ্যমে রিটার্নিং রুম বুক করার সুবিধা দেওয়া হয়।
- আইআরসিটিসি'র ওয়েবসাইটের মাধ্যমে ব্যবহারের পর ফেলে দেওয়ার যোগ্য বেডরোল বা বিছানার চাদর প্রভৃতি কেনা যায়।

TRIPURAINFO

- যাত্রীদের স্বার্থে পছন্দসই খাবারের তালিকা বৃদ্ধি করতে ই-ক্যাটারিং পরিষেবা চালু হয়েছে।

